

**অধ্যাপক আসাদুজ্জামানকে
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি
কমিশনের চেয়ারম্যান নিয়োগ**
বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক
প্রশাসনের শিক্ষক অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামানকে
(৭-পৃষ্ঠা ৪-এর ৩ঃ দেখুন)

অধ্যাপক আসাদুজ্জামানকে
(৮-এর পরের পর)
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান
হিসাবে নিয়োগ দেয়া হয়েছে। মঞ্জুরি কমিশন আইন
১৯৭৩ (রাষ্ট্রপতি আদেশ নং ১০/৭৩) এর ৪ (১) (এ)
ধারা অনুযায়ী সরকার বুধবার তাঁকে আগামী চার বছরের
জন্য এই নিয়োগ দিয়েছে। গতকালই তিনি দায়িত্ব গ্রহণ
করেছেন। কমিশনের চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণের আগ
পর্যন্ত অধ্যাপক আসাদুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের
সামাজিক অনুষ্ঠানের ডিন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতির সভাপতি ছিলেন। তিনি জাতীয় শিক্ষা কমিশনের
সদস্য এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য। তিনি
করেন। প্রসঙ্গত কমিশনের সাবেক চেয়ারম্যান এটিএম
জাহিরুল হকের মেয়াদ গত ৭ এপ্রিল শেষ হয়েছে।